



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
তথ্য মন্ত্রণালয়
(অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬)
ওয়েবসাইট: www.bcti.gov.bd



নং-বাচটেই/প্রশা/চলচ্চিত্র-৩/২০১৬/ ১৮৬৬

তারিখ: ১১ মে ২০১৬


ভর্তি বিজ্ঞপ্তি

৩য় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর দুই বছর মেয়াদি '৩য় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স'-এ ভর্তির জন্য নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

কোর্সের শিরোনাম	:	৩য় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স
কোর্সের মেয়াদ	:	০২ (দুই) বছর
সেমিস্টার সংখ্যা	:	৪ (প্রতিটি সেমিস্টার ৬ মাস মেয়াদি)
প্রশিক্ষণ সময়	:	পূর্ণকালীন
প্রশিক্ষার্থীর যোগ্যতা	:	ন্যূনতম স্নাতক/সমমান পাস
প্রশিক্ষার্থীর সংখ্যা	:	৩০ জন
প্রশিক্ষণের বিষয়	:	চলচ্চিত্রের ইতিহাস, ভাষা, নন্দনতত্ত্ব, সম্পাদনা, সিনেমাটোগ্রাফি, শব্দ সংযোজন, চিত্রনাট্য, অভিনয়, শিল্প নির্দেশনা, পরিচালনা, চলচ্চিত্র উৎপাদন, সংরক্ষণ, প্রদর্শন ও বিতরণ পদ্ধতি ইত্যাদি।
আবেদনের শেষ তারিখ	:	০৮ জুন ২০১৬। আবেদনপত্র সরাসরি অথবা ডাকযোগে নির্ধারিত ঠিকানায় পৌছাতে হবে। ভর্তির আবেদন ফর্ম বিসিটিআই-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।
আবেদনপত্রে যেসব তথ্য থাকতে হবে	:	নাম, পিতা ও মাতার নাম, বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয় পরিচয়পত্রের নম্বর, মুঠোফোন নম্বর, ই-মেইল প্রভৃতি তথ্যাদিসহ জীবন-বৃত্তান্ত।
সংযুক্ত কাগজপত্রাদি	:	০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি; শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ; জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব ও চারিত্রিক সনদের সত্যায়িত কপি।
বাছাই পরীক্ষা	:	লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী তালিকা চূড়ান্ত করা হবে। পরীক্ষার তারিখ যথাসময়ে জানিয়ে দেওয়া হবে।
প্রশিক্ষণ ফি (প্রতি সেমিস্টার)	:	১৫,০০০/- (পনের হাজার টাকা মাত্র) ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর মাধ্যমে প্রধান নির্বাহী বরাবরে জমা দিতে হবে (ভর্তির পর)।

প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬ বরাবর নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। প্রার্থী নির্বাচনের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


১১.০৫.২০১৬
ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন
প্রধান নির্বাহী
ফোন: ৯৬৭ ২২ ৫৯